



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৪ ডিসেম্বর ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

ইউপিডিএফের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ ভিত্তিহীন

সম্প্রতি ইউপিডিএফ-এর বিরুদ্ধে চাঁদাবাজির যে অভিযোগ করা হচ্ছে তা ভিত্তিহীন ও উদ্দেশ্য প্রণোদিত উল্লেখ করে অভিযোগ প্রত্যাখ্যান করেছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)।

সংগঠনটির কেন্দ্রীয় প্রচার বিভাগ থেকে আজ ১৪ ডিসেম্বর ২০১৪ রবিবার সংবাদ মাধ্যমকে দেওয়া এক বিবৃতিতে বলা হয়, ইউপিডিএফ একটি গণতান্ত্রিক সংগঠন। গঠনলগ্ন থেকে ইউপিডিএফ গণতান্ত্রিকভাবে তার কার্যক্রম পরিচালনা করে আসছে। কাজেই, ইউপিডিএফের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ সর্বৈব মিথ্যা, বানোয়াট, ভিত্তিহীন ও উদ্দেশ্য প্রণোদিত। ইউপিডিএফকে রাজনৈতিকভাবে মোকাবিলা করতে ব্যর্থ হয়ে সংগঠনের ভাবমূর্তি ক্ষুণ্ণ করতেই এ ধরনের মিথ্যা অভিযোগ করা হচ্ছে।

বিবৃতিতে বলা হয়, বাংলাদেশের প্রত্যেকটি রাজনৈতিক দল যেভাবে জনগণের সহযোগিতা নিয়ে পরিচালিত হয়ে থাকে, ইউপিডিএফও জনগণের অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতা নিয়ে তার কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। জনগণই ইউপিডিএফ-কে আর্থিকসহ প্রয়োজনীয় সহযোগিতা দিয়ে আন্দোলনে সহায়ক ভূমিকা পালন করছে।

বিবৃতিতে, ইউপিডিএফের বিরুদ্ধে মিথ্যাচার ও সকল ষড়যন্ত্র বন্ধ করার জন্য সরকারের প্রতি আহ্বান জানানো হয়।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।